দৈনিক ইত্তেফাক

তারিখ 19 JUL 1993
পৃষ্ঠা ১২ কলাম ২

# জনগণকে নিরক্ষর রাখিয়া উন্নয়ন আশা করা যায় না — শিক্ষা প্রতিমন্ত্রী

বরিশাল অফিস ।। শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ ইউনুস খান বলিয়াছেন, গ্রামের বৃহত্তর জনগোষ্ঠীর ভাত-কাপড়ের ব্যবস্থা নিশ্চিত করিতে, বিএনপি সরকার ওয়াদাবদ্ধ। গতকাল (রবিবার) বাকেরগঞ্জে বিএনপি আয়ো-

(১০ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## শিক্ষা প্রতিমন্ত্রী

(শেষ পৃঃ পর)

জিত এক সমাবেশে বক্তৃতাকালে প্রতিমন্ত্রী বলেন, আমাদের প্রচুর সম্পদ রহিয়াছে কিন্তু আমরা উহার সদ্ব্যবহার করিতেছি না। তিনি বলেন, জনগণকে নিরক্ষর রাখিয়া উন্নয়ন আশা করা যায় না। দলীয় কর্মীদের নিরক্ষরতা দূরীকরণ কর্মসূচীকে জোরদার করার জন্য তিনি আহ্বান জানান। রুস্তম আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বিলকিস আকতার জাহান শিরীন, কাজী আহসানুর রহমান মামুন, গাজী এনায়েত হোসেন প্রমুখ বক্তৃতা দেন।